# বিদ্যামন্দির প্রাক্তনীবার্তা

দ্বাবিংশ বর্ষ (প্রথম সংখ্যা)
মার্চ ২০১১



Each soul is potentially divine. The goal is to manifest this divinity within by controlling nature, external and internal.
—*Swami Vivekananda*

## সম্পাদকীয়

*২০১১ সাল বেশ গুরুত্বপূর্ণ। এ বছরে যুগাবতার শ্রীরামকৃষ্ণদেবের ১৭৫তম এবং বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৫০তম আবির্ভাব উৎসব উদ্‌যাপিত হবে দেশের বিভিন্ন প্রান্তে, বিভিন্ন পর্যায়ে। আর দু' বছর পরে ২০১৩ সালে দেশে বিদেশে উদ্‌যাপিত হবে* **Patriot Saint** *স্বামী বিবেকানন্দের ১৫০তম আবির্ভাব উৎসব। প্রায় দু' বছর ধরে চলবে উৎসবের সমারোহ, আর এই উপলক্ষে স্মরণ মনন হবে এই মহাপুরুষদের বাণী ও জীবনদর্শন, ঋদ্ধ হবে মানুষের মন ও চিন্তাভাবনা। আজ থেকে ১৫০ বা ১৭৫ বছর আগে দেশে, সমাজজীবনে যে সঙ্কীর্ণতা ছিল, জাতিভেদপ্রথা-জনিত যে বৈষম্য ছিল, ধর্মীয় ক্ষেত্রে যে গোঁড়ামি ও দ্বন্দ্ব ছিল, পরাধীনতার কারণে অর্থনৈতিক ক্ষেত্রে যে অনগ্রসরতা ছিল, তার থেকে দেশ আজ উন্নতির পথে অনেকদূর অগ্রসর হয়েছে সন্দেহ নেই। এই ক্রম-অগ্রসরতার মূলে উনিশ শতকের অনেক প্রাতঃস্মরণীয় মনীষী ও মহাপুরুষের অবদান আছে ঠিকই, তবে পূর্বোক্ত তিন ব্যক্তিত্বের অবদান সন্দেহাতীতভাবে ব্যাপক ও সুদূরপ্রসারী। এই ঐতিহাসিক প্রেক্ষাপটে এঁদের প্রতি আমাদের সশ্রদ্ধ প্রণাম।*

*সংসদ সদস্যদের শুভেচ্ছা ও সহযোগিতাকে পাথেয় করে প্রাক্তনীবার্তা একবিংশ বৎসর অতিক্রম করে দ্বাবিংশ বৎসরে পদার্পণ করল। সংসদের এই মুখপত্রে বিভিন্ন কলমে যে সমস্ত বার্তা নিয়মিত প্রকাশিত হয়, বর্তমান সংখ্যাতেও তার ব্যতিক্রম ঘটেনি। প্রাক্তনীবার্তার উন্নতিকল্পে যদি কোন পরামর্শ থাকে, বিবেচনার জন্য তা সম্পাদকমণ্ডলীর কাছে অবশ্যই পাঠানো যেতে পারে।*

নিত্যনিরঞ্জন কুন্ডু, *প্রধান সম্পাদক*

# Alumni Gesture for Posterity

The mandate of man-making education our beloved Vidyamandira is committed to impart is : *live for others*. And Einstein is to be prominently seen on a wall in Principal Maharaj's office as saying : 'A hundred times a day I remind myself that my inner and outer life depends upon the labours of other men, living and dead, that I must exert myself in order to give in the same measure as I have received and am still receiving.'

These ignite many a young mind as they come out of the portals of the Vidyamandira. The inspiration hardly dies with the passage of time. Thus even after fifty long years of their golden days at this temple of learning, some alumni of 1958-60 and 1959-61 batches felt recently that the system here of taking meals by sitting on the floors of the dining hall and the assistŒnts serving food with their backs heavily bent, is unhygienic, uncomfortable and at times painful, too. They felt an urge to do something to correct the scenario and took up a *Dining Hall Modernisation Project* under which the dining halls of two *bhavans* (notionally of *Sree* and *Vidya Bhavans*, the hostels they used to put up in during their stay at Vidyamandira) were to be furnished with low and high benches of suitable dimensions to take food from and food-serving trolleys for the convenience of the servers. A good many of the alumni of these two batches came forward with their mite for seeing the project implemented. An amount of Rs. 2,48,058 thus collected was handed over to Principal Maharaj by the representatives of these two batches on 15 August, 2010.

The 1968-71 and 2002-2005 batches showed the path. The 1958-60 and 1959-61 batches followed suit. A feat certainly worthy of emulation by other batches of alumni too—isn't it?

Following is the list of contributors in this project.

| Name | Amount (Rs.) | Name | Amount (Rs.) |
|---|---|---|---|
| Ajay Kanti Paul (1958-60) | 5,000/- | Madan Gopal Mukhopadhyay (1959-61) | 25,000/- |
| Amalendu Dutta Gupta (1958-60) | 5,000/- | Madhusudan Chakraborty (1958-60) | 5,000/- |
| Amiya Das (1958-60) | 5,000/- | Madhusudan Mukherjee (1959-61) | 5,000/- |
| Arun Kumar Banerjee (1959-61) | 5,000/- | Malay Gupta (1959-61) | 4,000/- |
| Asim Kumar Dawn (1958-60) | 5,000/- | Nipak Chaklanobis (1959-61) | 5,000/- |
| Asoke Kumar Mukherjee (1958-60) | 4,000/- | Nitya Niranjan Kundu (1959-61) | 5,000/- |
| Asoke Kumar Sarkar (1959-61) | 5,000/- | Prabir Kumar Mitra (1958-60) | 2,000/- |
| Balai Chandra Modak (1959-61) | 5,000/- | Pradip Ghosh (1958-60) | 5,000/- |
| Bhabani Sarkar—A Well Wisher | 1,000/- | Samarendra Lahiri (1959-61) | 1,000/- |
| Bhaskar Gupta (1959-61) | 5,000/- | Shrabani Dey | 10,000/- |
| Bijan Basu (1959-61) | 5,000/- | [In memory of her husband | |
| BIjoy Krishna Pattanayak (1959-61) | 5,000/- | Late Chandra Nath Dey] (1959-61) | |
| Bimal Kumar Ghosh (1959-61) | 5,555/- | Subhas Chandra Kundu (1958-60) | 1,001/- |
| Biswanath Das (1959-61) | 10,000/- | Subir Roy (1958-60) | 2,001/- |
| Chandan Ganguly (1958-60) | 5,001/- | Sujit Mukherjee (1959-61) | 15,000/- |
| Chandan Mallick | 7,000/- | Sukes Chakravarty (1958-60) | 2,000/- |
| [for Pradyumna Mallick] (1959-61) | | Sukumar Mondal (1958-60) | 25,000/- |
| Debabrata Guha Neogi (1958-60) | 3,000/- | Swarup Dutta (1958-60) | 10,000/- |
| Dhiman Ganguly (1959-61) | 5,000/- | Swastik Bhattacharyya | 5,000/- |
| Dilip Ganguly (1958-60) | 2,000/- | [In memory of his father Late Sailendra | |
| Dipak Sengupta (1958-60) | 2,000/- | Nath Bhattacharyya] (1958-60) | |
| Dipendra Narayan Chakravarty (1958-60) | 1,000/- | Tapan Kumar Hazra (1959-61) | 5,000/- |
| Harishankar Chakravarty (1958-60) | 2,000/- | Tushar Kanti Mitra (1958-60) | 3,500/- |
| Jyotirmoy Mazumder (1959-61) | 5,000/- | Uday Kumar Chatterjee (1958-60) | 5,000/- |
| Kalyan Basu (1958-60) | 5,000/- | **Total Amount Received** | **2,48,058/-** |

**Biswanath Das**
President

## শোকবার্তা

আলোচ্য সময়ে আমরা সংসদের দুই সদস্যের পরলোক গমনের সংবাদ পেয়েছি : এঁরা হলেন শ্রী জগদীশ চন্দ্র চক্রবর্তী (১৯৪৩-৪৫) এবং শ্রী পবিত্রানন্দ ঠাকুর (১৯৫৬-৫৮)। এঁদের প্রয়াণে সংসদ গভীর শোক প্রকাশ করছে এবং তাঁদের প্রয়াত আত্মার চিরশান্তি কামনা করে।

কর্মসচিব

## আনন্দ সংবাদ

এবারের বইমেলায় আত্মপ্রকাশ করল আমাদের প্রাক্তনী সংসদের সভাপতি ডঃ বিশ্বনাথ দাসের লেখা 'প্রেসিডেন্সি কলেজের ইতিবৃত্ত।' ঊনবিংশ শতকে বাংলা তথা ভারতে রেনেসাঁস বা নবজাগরণের বিকাশ ও বিস্তার সর্বজনবিদিত; বিংশ শতকেও এর রেশ ছিল বেশ কয়েক দশক। বাংলার এই নবজাগরণের ক্ষেত্রে হিন্দু তথা প্রেসিডেন্সি কলেজের অবদান অনস্বীকার্য। উচ্চ শিক্ষার ক্ষেত্রে এই কলেজ ছিল বাংলা তথা পূর্ব ভারতের 'অক্সফোর্ড'। কিন্তু আক্ষেপের বিষয় কিছুদিন আগে পর্যন্ত এই কলেজের একটি পূর্ণাঙ্গ ইতিহাস বই তেমন কিছু ছিল না। বিদ্বৎ সমাজে এর অভাববোধ ছিলই। এই অভাব অনেকখানি পূরণ করেছেন ডঃ বিশ্বনাথ দাস, যাঁর বিচরণ ক্ষেত্র রাশিবিজ্ঞান হলেও ইতিহাসের প্রতি আকর্ষণ এবং প্রেসিডেন্সি কলেজের প্রতি তাঁর ভালবাসা ও আবেগ অনুপ্রাণিত করেছে এরূপ একটি গুরুত্বপূর্ণ কাজ সম্পাদন করতে। পরবর্তী কালের অনেক গবেষক এই বই-এর দ্বারা উপকৃত হবেন—আমার বিশ্বাস। এদিক থেকে বইটির ঐতিহাসিক মূল্য অনস্বীকার্য।

গত বছরে (২০১০) ডঃ দাসের আরও দুখানি বই প্রকাশিত হয়েছে ঃ একটি 'ভাবনার দশ দিগন্ত' অন্যটি 'অঙ্কে কথায় হরেক মজা'। প্রথমটি লেখকের বিভিন্ন বিষয়ে চিন্তা সমৃদ্ধ নিবন্ধের সংকলন যা উদ্বোধন, কথাসাহিত্য প্রভৃতি পত্র পত্রিকায় উচ্চপ্রশংসিত। দ্বিতীয়টি মূলত কিশোর ছাত্র-ছাত্রীদের অঙ্কভীতি দূর করা এবং তাদের নানাধরণের কথা তৈরীর খেলায় আকৃষ্ট করার জন্য একটি প্রচেষ্টা।

সাংসারিক দায়বদ্ধতা ছাড়াও বিভিন্ন সাংগঠনিক ও সমাজ সেবামূলক কাজের সঙ্গে জড়িত থেকেও তিনি যে মৌলিক রচনা পাঠক সমাজকে উপহার দিয়েছেন এর জন্য প্রাক্তনীসংসদ তাঁকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানাচ্ছে।

**প্রধান সম্পাদক**

## প্রাক্তনী সংসদ সমাচার

World is in need of those whose life is one of burning love, selfless" —Swami Vivekananda

স্বামীজীর এই বাণী অনুসরণ করে আমরা বিদ্যামন্দিরের প্রাক্তন ছাত্ররা যারা নিজ নিজ কর্মক্ষেত্রে প্রতিষ্ঠিত তারা যদি সৎ উদ্যোগে নিজের পরিবারের বাইরে সমাজের কল্যাণের জন্য সামান্যতম চিন্তাও করি, তাহলে সামগ্রিকভাবে তার বিশাল ফল পাওয়া যাবে। বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ প্রাক্তনীদের মাধ্যমে সীমিত সামর্থ্যের মধ্যে বিদ্যামন্দিরে ও বিদ্যামন্দিরের বাইরে সেই কর্মপ্রক্রিয়া চালিয়ে যাচ্ছে।

**স্বাস্থ্য প্রকল্প ঃ** বেলুড় শ্রমজীবী হাসপাতালের সক্রিয় সহযোগিতায় প্রাক্তনী সংসদের স্বাস্থ্য প্রকল্পটি বেশ সাফল্যের সঙ্গে চলছে। জুলাই ২০১০-এ প্রকাশিত প্রাক্তনীবার্তার পর থেকে এই প্রতিবেদন লেখা পর্যন্ত মোট ১৫ জন দুঃস্থ রোগীকে ৮,০০০ টাকা সাহায্য দেওয়া সম্ভব হয়েছে। এই প্রকল্পের মাধ্যমে দূর-দূরান্তের রোগীদেরও চিকিৎসার জন্য আর্থিক সাহায্যদান অব্যাহত আছে।

**ছাত্রবৃত্তি প্রকল্প ঃ** ১৯৬৮-৭১ বর্ষের প্রাক্তনীরা ১৩ নভেম্বর, ২০১০ তারিখে বিদ্যামন্দিরে একত্রিত হয়েছিলেন। এবারে তাঁদের লক্ষ্য ২০১০-২০১১ অর্থবর্ষের মধ্যে আরও ৩ লক্ষ টাকা প্রাক্তনী সংসদের হাতে তুলে দেওয়া। এখনও পর্যন্ত তাঁরা সংসদের হাতে প্রায় ১২ লক্ষ টাকা তুলে দিয়েছেন। এবার এই অর্থের আমানতের সুদ থেকে বিদ্যামন্দিরের বর্তমান ৬ জন ছাত্রকে ছাত্রবৃত্তি দেওয়া সম্ভব হবে। এছাড়া পূর্ববর্তী প্রাক্তনীবার্তা প্রকাশনার পর থেকে যে সমস্ত প্রাক্তনী এই তহবিলে অর্থ প্রদান করেছেন তাঁরা হলেন শ্রী দীপঙ্কর হাজরা (১৯৬৮-৭১)—১০,০০০ টাকা, শ্রী দয়াময় নন্দী (১৯৬৮-৭১)—৫,০০০ টাকা, শ্রী পরেশনাথ দত্ত (১৯৫৭-৫৯)—৫১,০০০ টাকা, শ্রী অপ্রতিম মাইতি—১,০০৫ টাকা, শ্রী চন্দ্রকান্ত ঘোষ (১৯৬০-৬৩)—৫,০০০ টাকা, শ্রী স্নেহজিৎ মিশ্র—৫,০০০ টাকা।

এছাড়া অন্যান্য প্রকল্পে যাঁরা অর্থ প্রদান করেছেন তাঁর হলেন ঃ ডঃ সত্যব্রত পাল (১৯৪৭-৪৯)—১,০০০ টাকা (স্বাস্থ্য প্রকল্প), শ্রী সুব্রত গাঙ্গুলি (১৯৪৬-৪৮)—২৫,০০০ টাকা (প্রাক্তনীবার্তা), শ্রী বীর বিক্রম রায় (১৯৪৭-৪৯)—৫,০০০ টাকা (প্রাক্তনীবার্তা)।

**সাধারণ তহবিল ঃ** এই তহবিলে অর্থ সাহায্য করেছেন—হিন্দু রেকটিফাইয়ার লিমিটেড—১,০০০ টাকা, শ্রী আশুতোষ ঘোষ—৩,০০০ টাকা, শ্রী মৃণালকান্তি কাঞ্জিলাল (১৯৫০-৫২)—৫০০ টাকা, শ্রী শঙ্কর কুমার দে (১৯৫০-৫২)—১০০ টাকা, এস. এস. মণ্ডল—৫০০ টাকা, শ্রী শচীন্দ্র কুমার চক্রবর্ত্তী (১৯৪১-৪৩)—২০১ টাকা, শ্রী অশোক কৃষ্ণ ব্যানার্জ্জী (১৯৪১-৪৩)—৫০০ টাকা।

**আর্থিক সহায়তা ঃ** হেমচন্দ্র গঙ্গোপাধ্যায় স্মারক ছাত্রবৃত্তি তহবিল—প্রাপক ঃ শ্রী অর্জুন সরকার (ইতিহাস, যাদবপুর বিশ্ববিদ্যালয়) —৩,৫০০ টাকা। চন্দ্রনাথ দে স্মারক ছাত্রবৃত্তি তহবিল ঃ প্রাপক—শ্রী রামকুমার দাস (ইতিহাস, কোলকাতা বিশ্ববিদ্যালয়)— ১,৫০০ টাকা। আশুতোষ দাস স্মারক ছাত্রবৃত্তি তহবিল ঃ প্রাপক—শ্রী অজয় কুমার বেরা (রাষ্ট্রবিজ্ঞান, যাদবপুর বিশ্ববিদ্যালয়) —২,০০০ টাকা।

**রাণী রাসমণি স্মারক বক্তৃতা ঃ** গত ৫ সেপ্টেম্বর ২০১০ তারিখে "আশাজ্যোতি কনফারেন্স হল"-এ এই বক্তৃতার আয়োজন করা হয়েছিল। এবারে বক্তব্য রাখেন সরিষা রামকৃষ্ণ মিশনের সম্পাদক স্বামী দেবরাজানন্দজী মহারাজ (প্রাক্তনী)। তাঁর বক্তৃতার বিষয় ছিল: "শ্রীশ্রীমায়ের জয়া-বিজয়া ঃ যোগীন মা ও গোলাপ মা"। মহারাজের তথ্যসমৃদ্ধ চমৎকার বক্তৃতা সকলকে মুগ্ধ করে।

**বার্ষিক সাধারণসভা ঃ** গত ১৫ আগস্ট ২০১০ তারিখে অনুষ্ঠিতব্য প্রাক্তনীসংসদের ২৩ তম বার্ষিক সাধারণ সভা কোরামের অভাবে না হওয়ার জন্য গত ৫ সেপ্টেম্বর ২০১০ তারিখে বিদ্যামন্দিরে 'আশা-জ্যোতি কনফারেন্স হল'-এ এটি অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সংসদ সভাপতি ডঃ বিশ্বনাথ দাস। কর্মসচিব শ্রী মনোজ কুমার ভট্টাচার্য্য ২০০৯-২০১০ আর্থিক বছরে সংসদের কর্মধারার বিস্তারিত প্রতিবেদন পেশ করেন এবং কোষাধ্যক্ষ শ্রী কল্যাণ বন্দ্যোপাধ্যায় আয়-ব্যয়ের হিসাব পেশ করেন। সংক্ষিপ্ত আলোচনার পর সংসদের বার্ষিক আয়-ব্যয়ের পরীক্ষিত হিসাব সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। এছাড়া সভায় সংসদের সংবিধানের প্রস্তাবিত সংশোধনীগুলি অনুমোদিত ও গৃহীত হয়। তার মধ্যে উল্লেখযোগ্য বিষয়গুলি হলো—(ক) বার্ষিক সাধারণ সভায় কোরামের জন্য কমপক্ষে ৫০ জন সদস্যের উপস্থিতি প্রয়োজন। (খ) এর পর থেকে সংসদ সংবিধান সংশোধনের জন্য সভায় উপস্থিত ও বৈধ ভোটদাতাদের ৩/৪ অংশ সদস্যের সমর্থনের প্রয়োজন। (গ) আজীবন সদস্য চাঁদা—১,০০০ টাকা ও প্রবেশিকা ফি —২০ টাকা, বার্ষিক সদস্য চাঁদা—১০০ টাকা ও প্রবেশিকা ফি —২০ টাকা।




১৯৫৮-৬০, ১৯৫৯-

**বিবেকানন্দ সম্মেলন :** এ বছরে (২০১০-২০১১) বিবেকানন্দ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে উত্তর দিনাজপুর জেলায়। গত ১৯ ডিসেম্বর, ২০১০ তারিখে সাফল্যের সঙ্গে জেলাস্তরে চূড়ান্ত প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে রায়গঞ্জে এবং ৯ জানুয়ারি ২০১১ তারিখে রায়গঞ্জ শ্রীরামকৃষ্ণ বিদ্যাভবন স্কুলে পুরস্কার বিতরণী সভা, যুবসম্মেলন ও শিক্ষক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। এ বছরেও রাজ্য ক্রীড়া ও যুবকল্যাণ দপ্তর থেকে আর্থিক অনুদান পাওয়া গিয়েছে। পূর্ববর্তী বছরগুলোর মতো এবারের সম্মেলনেও আঞ্চলিক ও জেলাস্তরের ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতার ব্যবস্থাপনায় ও পরিচালনায় প্রাক্তনী সংসদ এবং বিদ্যামন্দিরের প্রতিনিধিরা অংশগ্রহণ করেছেন। এবারের বিবেকানন্দ সম্মেলন সম্পর্কে বিস্তারিত সংবাদ এই পত্রিকায় পৃথক প্রতিবেদনে দেওয়া আছে।

**DINING HALL MODERNIZATION PROJECT :** এই প্রকল্পের তহবিলে ১৯৫৮-৬০ ও ১৯৫৯-৬১—এই দুটি বর্ষের প্রাক্তনীরা প্রাক্তনী সংসদের মাধ্যমে বিদ্যামন্দির কর্তৃপক্ষের হাতে এখনও পর্যন্ত ২,৪৮,০৫৮ টাকা তুলে দিয়েছেন এবং এই তহবিল সমৃদ্ধির জন্য তাঁদের প্রচেষ্টা অব্যাহত আছে।

প্রাক্তনীসংসদের বিভিন্ন প্রকল্পের সঙ্গে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যুক্ত প্রত্যেক প্রাক্তনী ও শুভানুধ্যায়ীদের সংসদের পক্ষ থেকে উষ্ণ অভিনন্দন ও সাধুবাদ জানাই।



রাণী রাসমণি স্মারক বক্তৃতায় স্বামী দেবরাজানন্দজী মহারাজ

**মনোজ কুমার ভট্টাচার্য্য**, কর্মসচিব, প্রাক্তনী সংসদ

## Vidyamandira News (1.7.10-31.12.10)

**College Foundation Day :** The College Foundation Day was celebrated this year on 6.7.10. Swami Prabhanandaji Maharaj, General Secretary, Ramakrishna Math and Ramakrishna Mission and an Ex-Principal of the college, presided over the function and delivered the Foundation Day Speech. Swami Atmapriyanandaji, Vice-Chancellor, Ramakrishna Mission Vivekananda University and the immediately previous Principal also delivered a lecture on this occasion. Swami Shivamayanandaji, another former Principal of the college was also present on the occasion. This year the celebration was more remarkable as the college completed fifty years of its undergraduate teaching and started its journey as an autonomous college.

**Felicitation :** Prof. Gouranga Chakraborty of the Department of Physics had completed fifty years of his teaching in the Vidyamandira. After his formal retirement, he served the college as an honorary lecturer for almost 16 years. The college felicitated Prof. Chakraborty on the occasion of the celebration of the Foundation Day and expressed gratitude to Prof. Chakraborty for his selfless service.



১-র আর্থিক সহায়তা

**NSS Activities :** A Blood Donation camp was organised under the auspices of Haemophilia Society, Kolkata Chapter on 10 October, 2010 when about 96 students donated blood. On the occasion of the Commonwealth Games in Delhi, the NSS unit of the College organised a cultural competition with financial support from the University of Calcutta.

As in previous years, free distribution of new clothes and garments was arranged for about 180 children/women of the locality on 10 October 2010 on the eve of the Pujas.

An NSS camp was organised at Sandelerbil (Sunderban) 24 Parganas (North) during 25-29 December, 2010. Altogether 44 students in two batches participated in the camp. The volunteers donated blankets and some reading and writing materials to the poor students of the locality.

**Creation of a new Chair :** With the help of generous donation from Dr. Chandrasekhar Brahma, an alumnus (1956-58) of the Vidyamandira, "Nalini Kanta Brahma Memorial Chair" has been created. Prof. Gopal Chandra Khan, retired Professor, Department of Philosophy, Burdwan University has been awarded this prestigious Professorship for the session 2010-11. The inaugural lecture was delivered by Prof. Khan on 27 November 2010. The topic of his discussion was : "Greek Conception of Justice".

**New appointment :** Swami Abhishtanandaji (Prabir Maharaj) joined Vidyamandira in August 2010. He formally took charge as superintendent of *Sree Bhavan* from 1st Sept. 2010.

**Retirement :** Dr. Dipak Ghosh retired from the Physics Dept. of the College after completing thirty nine years of service on 31.07.10. A farewell meeting was organised in appreciation of his valuable service to the Vidyamandira in general and to the Dept. of Physics in particular. Dr. Ghosh is still rendering his service to the Physics Department as a Guest teacher.

**Condolence :** Babulal Mallick, Staff member of Vidyamandira Hostel passed away on 10.12.10. He had been suffering from kidney failure for the last few days. A short condolence meeting was held at Ashajyoti Conference Hall on 13 December.



সাহিত্য অকাদেমিতে বাংলা বিভাগের আলোচনাচক্র

**Students' achievements :** We are glad to announce that the following scholarships have been won by our students :

1. National Board of the Higher Mathematics Scholarship, 2010.

   Recipient : Soumitra Ghara and Samir Chandra Mondal (Both of B.Sc. 3rd Yr. Maths. Honours)

2. JBNSTS : Neelabja Chatterjee, Avishek Mondal (Both of 1st yr. Math. Hons.) and Utsarga Adhikari (B.Sc. 1st Year Chemistry Hons.)

**Seminar and Other Lectures :** Dr Purnendu Bikash Sarkar delivered a lecture on *"Geetabitan Archive : Rabindra Sangeet-er Sangrakshan"* on 17.7.10. On Aug. 30, Dr. Jayanta Roy, Fellow, Cerebrovascular Disease, University of Calgary, Canada talked on "Advances in Neuro Sciences and service to Mankind" Ambica Sarkar and Jadunath Majumdar Memorial Lecture was delivered this year by Acharya Srivatsa Goswami of Gambhira, Vrindaban on 13.11.10. Topic of his lecture was "Sri Ramakrishna and Vaishnava Sadhana". On 4.12.10 Dr. Gopal Chandra Khan, Nalini Kanta Brahma Professor of Vidyamandira delivered a lecture on "Anandabardhana and Kant—a Comparative Study". A half-day seminar was organised by the Industrial Chemistry Dept. on 22.9.10 on "The Prospect of the Non-Conventional Energy". The Reynote address was delivered by Sri Rudrendu Basu, Asst. Director, WEBREDA, Kolkata.

**Tours :** Tours have been conducted by the departments of Mathematics, Economics, Chemistry and Physics, Educational tour have been conducted by the Dept. of Microbiology to Sikkim, the Students has visited some industries there. Dept. of Bengali also organised an educational tour to Ajanta, Elora and Shegaon and had an interactive programme at D. M. Burugalee College of Arts & Science, Shegaon.

**Examination Result :** The results of the Calcutta University Examinations have been announced. The table below shows the detailed results of the Vidyamandira :

| Subject | Part-III Final Exam (Published on 15.07.2010) | | | | Part-II (Published on 11.11.2010) | | Part-I (Published on 29.11.2010) | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | Appeared | 1st Class | 2nd Class | Failure | Appeared | 1st Class | Appeared | 1st Class |
| Physics | 26 | 23 | 3 | — | 24 | 14 | 22 | 13 |
| Chemistry | 24 | 20 | 4 | — | 26 | 23 | 28 | 26 |
| Mathematics | 14 | 8 | 4 | 1 (P)<br>1 (Dropped) | 17 | 12 | 19 | 17 |
| Microbiology | 10 | 5 | 5 | — | 12 | 4 | 14 | — |
| Economics | 11 | 1 | 8 | 2(P) | 13 | 2 | 12 | 6 |
| Pol. Science | 5 | 1 | 4 | — | 10 | 1 | 8 | — |
| History | 10 | — | 10 | — | 10 | 2 | 9 | 1 |
| Philosophy | 6 | 1 | 5 | — | 10 | 4 | 10 | 2 |
| Sanskrit | 9 | 7 | 2 | — | 11 | 7 | 11 | 10 |
| English | 12 | 2 | 9 | 1 (Dropped) | 8 | 1 | 12 | 3 |
| Bengali | 10 | 1 | 9 | — | 10 | 1 | 9 | 2 |
| Comp. App(M) | 10 | 10 | — | — | 11 | 7 | 8 | 5 |
| Ind. Chem.(M) | 10 | 9 | 1 | — | 11 | 11 | 11 | 10 |

**Prof. Tapan Kr. Ghosh**
Vice-President

## বিদ্যামন্দিরের 'রন্ধনশালা পুনর্বিন্যাস ও আধুনিকীকরণ' প্রকল্পে অর্থসাহায্যের আবেদন

**রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির** আজ নানা পরিবর্তনের মধ্য দিয়ে এগিয়ে চলেছে। কলেজের পঠনপাঠনসহ নানা ক্ষেত্রে মানোন্নয়নের চেষ্টা চলছে বিভিন্নভাবে। সেই প্রয়াসেরই একটি অঙ্গ হিসেবে বিদ্যামন্দিরের **'রন্ধনশালা পুনর্বিন্যাস ও আধুনিকীকরণ'** প্রকল্প হাতে নেওয়া হয়েছে। পুরানো বাড়ি সম্পূর্ণভাবে ভেঙে দোতলা একটি বাড়ি তৈরী করা হচ্ছে যার একতলায় থাকবে রান্নার ব্যবস্থা, প্রয়োজনীয় স্টোর রুম, বাসনপত্র ধোয়ার ব্যবস্থা, গ্যাস ব্যাঙ্ক ইত্যাদি। আর দোতলায় থাকছে কর্মীদের থাকার ব্যবস্থা। মূলত গ্যাস এবং সহায়করূপে ইলেকট্রিকের সাহায্যে রান্নার ব্যবস্থা ভাবা হয়েছে। স্টিম বয়লার, এয়ার ভেন্টিলেশন এবং এয়ার সাকিং সিস্টেম, আধুনিক অগ্নি নির্বাপণ ব্যবস্থা, লিফ্‌ট্‌ ইত্যাদিও রাখার কথা চিন্তা করা হচ্ছে। এই সমগ্র পরিকল্পনাটির সম্ভাব্য খরচের পরিমাণ ৫৫,৪৭,০২২ টাকা। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী আয়োগের (ইউ জি সি) কাছ থেকে আমরা ২৪ লক্ষ টাকার প্রতিশ্রুতি পেয়েছি যা থেকে এই ব্যয় আংশিক নির্বাহ করা সম্ভব হবে। সম্পূর্ণ প্রকল্প সমাপ্ত করতে এর পরেও লাগবে ৩১ লক্ষ টাকার কিছু বেশী। প্রাক্তন ছাত্রদের কাছে তাই এই প্রকল্পে অর্থ সাহায্যের জন্যে বিদ্যামন্দির কর্তৃপক্ষের পক্ষ থেকে আবেদন জানানো হচ্ছে। তারা এই বাবদ অর্থ 'Ramakrishna Mission Vidyamandira'-এর নামে চেক/ড্রাফট মারফৎ পাঠাতে পারবেন। সঙ্গে অবশ্যই নাম, ঠিকানা ও শিক্ষাবর্ষ উল্লেখ করবেন। যোগাযোগ— **স্বামী ত্যাগরূপানন্দ - ৯৪৩৩৪২২৪১৮ / স্বামী শাস্ত্রজ্ঞানন্দ - ৯৪৩২০৯০৮৮৯**

## Members' Directory

**The second edition is going to be published. Particulars to be included are :**

**Name, Date of birth, Years and Course(s) studied at Vidyamandira, Present Qualification, Occupation, Present Address with Telephone and Mobile Nos., E-mail Id, Office address and Designation.**

**Members whose particulars appearing in the first edition have since changed and new members not included in the first edition are requested to send these particulars to the secretariat by June 30, 2011.**

## Help us with Advertisement

For undertaking the publication of this Members' Directory we need financial support. Those who are in a convenient position, may kindly help us by booking advertisements for their concerns in the Directory. Rates are : Back Cover—Rs. 15,000/-, Inside Covers—Rs. 10,000/-, Special Full Page—Rs. 6,000/-, Ordinary Full Page—Rs. 2,500/-, Ordinary Half Page—1,500/-

On hearing from you we will send contract forms. For this please contact Jt. Secretary Sri Susanta Dey (9433346353) or Sri Suvojit Dutta (9433451591)

**–Secretary**

## বিবেকানন্দ সম্মেলন—২০১০-১১ : উত্তর দিনাজপুর জেলা

২০১০-১১ বর্ষের বিবেকানন্দ সম্মেলন অনুষ্ঠিত হল উত্তর দিনাজপুর জেলায় শ্রীরামকৃষ্ণ আশ্রম রায়গঞ্জের সহায়তায়। সেপ্টেম্বর ১, ২০১০-এ বিদ্যামন্দির তথা সারদাপীঠের সম্পাদক পূজনীয় স্বামী দিব্যানন্দজীর সভাপতিত্বে প্রথম সভা অনুষ্ঠিত হয় রায়গঞ্জ করোনেশন হাইস্কুলে। এই সভায় উপস্থিত ছিলেন বিদ্যামন্দিরের অধ্যক্ষ ও উপাধ্যক্ষ মহারাজ, প্রাক্তনী সংসদের কর্মসচিব সহ কয়েকজন সদস্য এবং উত্তর দিনাজপুর জেলার প্রতিনিধিরা। প্রথমেই জেলার প্রতিনিধিদের সম্মেলনের উদ্দেশ্য, তাৎপর্য এবং সামগ্রিক রূপরেখা সম্পর্কে অবহিত করা হয়। এরপর সমগ্র জেলাকে চারটি অঞ্চলে ভাগ করা হয় : এগুলি হল রায়গঞ্জ, কালিয়াগঞ্জ, ইসলামপুর ও করণদীঘি। সম্মেলন পরিচালনার জন্য একটি কেন্দ্রীয় কমিটি এবং চারটি আঞ্চলিক কমিটি গঠিত হয়।

সম্মেলনের দ্বিতীয় পর্বে ৫ ডিসেম্বর করণদীঘিতে এবং ১২ ডিসেম্বর রায়গঞ্জ, কালিয়াগঞ্জ ও ইসলামপুরে আঞ্চলিক প্রতিযোগিতাগুলি অনুষ্ঠিত হয়। এই প্রতিযোগিতায় সফল প্রতিযোগীদের পুরস্কার স্বরূপ শ্রীশ্রীঠাকুর, শ্রীশ্রীমা ও স্বামীজী বিষয়ক বই এবং অংশগ্রহণকারী প্রত্যেক প্রতিযোগীকে শংসাপত্র দেওয়া হয়। এই প্রতিযোগিতার দিনগুলিতে বিদ্যামন্দিরের একজন করে

সন্ন্যাসী মহারাজ ও সংসদের একজন করে প্রতিনিধি উপস্থিত ছিলেন এবং তাঁরা উপস্থিত ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষিকা ও অভিভাবকদের উদ্দেশে বিবেকানন্দ সম্মেলনের প্রাসঙ্গিকতা ও গুরুত্ব বিষয়ে ভাষণ দেন এবং সবশেষে পুরস্কার বিতরণ করে সকলকে উৎসাহিত করেন। প্রতিটি অঞ্চলের অন্তর্গত বিদ্যালয়গুলির সঙ্গে যোগাযোগ করে নিষ্ঠার সঙ্গে আঞ্চলিক প্রতিযোগিতা পরিচালনা করার সম্পূর্ণ কৃতিত্ব আঞ্চলিক কমিটির প্রতিনিধিদের—একথা অনস্বীকার্য।

তৃতীয় পর্বে অনুষ্ঠিত হয় (১৯ ডিসেম্বর) সম্মেলনের জেলাভিত্তিক প্রতিযোগিতা এবং এই প্রতিযোগিতার আসর বসে রায়গঞ্জ করোনেশন হাইস্কুল ও তৎসংলগ্ন মাঠে। জেলাভিত্তিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করে আঞ্চলিক স্তরের প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় স্থানাধিকারীরা। এই পর্বে অনুষ্ঠিত সমস্ত প্রতিযোগিতায় বিচারকের ভূমিকায় ছিলেন বিদ্যামন্দিরের সন্ন্যাসী মহারাজ ও শিক্ষকবৃন্দ এবং প্রাক্তনী সংসদের প্রতিনিধিরা। প্রত্যেকটি প্রতিযোগিতাই বেশ আকর্ষণীয় হয়ে উঠেছিল।

৯ জানুয়ারি ২০১১ তারিখে রায়গঞ্জ শ্রীরামকৃষ্ণ আশ্রম সংশ্লিষ্ট শ্রীরামকৃষ্ণ বিদ্যাভবনে জেলা পর্যায়ের প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করা হয়। জেলার বিশিষ্ট মানুষজন, কেন্দ্রীয় পরিচালন সমিতির সদস্যবৃন্দ, বিদ্যামন্দিরের সন্ন্যাসীবৃন্দ এবং প্রাক্তনী সংসদের সদস্যরা ছাড়াও উপস্থিত ছিলেন রামকৃষ্ণ মিশন সারদাপীঠের সম্পাদক পূজনীয় স্বামী দিব্যানন্দজী মহারাজ। জেলাস্তরের সাংস্কৃতিক প্রতিযোগিতার ভিত্তিতে সেরা বিদ্যালয়ের পুরস্কার লাভ করে রায়গঞ্জ করোনেশন উচ্চ বিদ্যালয় ; দৌড়-যোগাসন প্রতিযোগিতাগুলির ভিত্তিতে যুগ্মভাবে সেরা বিদ্যালয়ের সম্মান পায় পার্বতীসুন্দরী উচ্চ বালিকা বিদ্যালয় এবং মোহনবাটি হাইস্কুল। এই সঙ্গে একটি সংক্ষিপ্ত যুবসম্মেলনেরও আয়োজন করা হয়। দুপুরের খাওয়ার পর একটি শিক্ষক-সম্মেলনের আয়োজনের মাধ্যমে এবারের বিবেকানন্দ সম্মেলনের সমাপ্তি ঘোষণা করা হয়।

**সুশান্ত দে**, যুগ্ম কর্মসচিব



জেলাস্তরের দৌড় প্রতিযোগিতার সূচনার শোভাযাত্রা



জেলাস্তরের যোগাসন প্রতিযোগিতা



জেলাস্তরের আবৃত্তি প্রতিযোগিতা

প্রাক্তনীবার্তা উপসমিতি ও সম্পাদকমণ্ডলী

আহ্বায়ক ও প্রধান সম্পাদক ঃ অধ্যাপক নিত্যনিরঞ্জন কুণ্ডু

সদস্যবৃন্দ ঃ ডঃ বিশ্বনাথ দাস, অধ্যাপক তপন কুমার ঘোষ, শ্রী মনোজ কুমার ভট্টাচার্য, শ্রী সুশান্ত দে, স্বামী শাস্ত্রজ্ঞানন্দ

প্রাক্তনীবার্তা প্রকাশনায় আর্থিক সহায়তা ঃ শ্রী নচিকেতা ভরদ্বাজ, ডঃ সুব্রত গাঙ্গুলি, শ্রী বীর বিক্রম রায় (সকলেই প্রাক্তনী)

PRINTED MATTER

**BOOK POST**

If undelivered, please return to :

**Ramakrishna Mission Vidyamandira Alumni Association, P.O. : Belur Math, Howrah, West Bengal-711202**
**E-mail : alumnividyamandira@gmail.com • Website : www.alumnividyamandira.in**

Published by Manoj Kumar Bhattacharyya, Secretary, Ramakrishna Mission Vidyamandira Alumni Association

Printed at Soumen Traders Syndicate, Bally, Howrah, Ph. : 2654-3536